



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৪.১৫.০০৯.২০০০- *১২৯*

তারিখঃ ০৪ এপ্রিল ২০১৮ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার)

বিএডিসি, কুমিল্লা/কিশোরগঞ্জ/জামালপুর/ময়মনসিংহ/রাজশাহী/সিরাজগঞ্জ/বগুড়া/রংপুর/দিনাজপুর।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এবং বাংলাদেশ রেলওয়ে এর মধ্যে দেনা পাওনা এবং ১২৬.৪২ একর রেলভূমির বর্তমান অবস্থা সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ রেলপথ মন্ত্রণালয়ের বিগত ২৯ জানুয়ারি ২০১৮ তারিখের ৫৪.০০.০০০০.০০৯.০১.০০৬.২০১০(অংশ)-৪৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এবং বাংলাদেশ রেলওয়ে এর মধ্যে দেনা পাওনা এবং ১২৬.৪২ একর রেলভূমির বর্তমান অবস্থা ও ব্যবস্থাপনা সংক্রান্ত করণীয় নির্ধারণের বিষয়ে গত ২২ জানুয়ারী ২০১৮ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভায় বিএডিসি এবং রেলওয়ের প্রতিনিধি সমন্বয়ে অঞ্চল ভিত্তিক পরিদর্শন টিম গঠন করা হয়। তদন্ত টিম সরেজমিনে প্রতিটি স্টেশন এলাকায় বিএডিসি'র নিকট লীজকৃত (চুক্তির তফসিল অনুসারে) জমি সরেজমিনে পরিদর্শনপূর্বক নিম্নবর্ণিত তথ্যাদি যেমনঃ-

- (ক) জমির তফসিল;
- (খ) বর্তমান অবস্থা;
- (গ) কোন স্থাপনা আছে কিনা থাকলে তা কার;
- (ঘ) বর্তমানে অন্য কারও দখলে থাকলে কিভাবে তারা পেল;
- (ঙ) স্টেশন এলাকাসহ লীজকৃত জমির স্কেচ ম্যাপ;
- (চ) মতামত (যদি থাকে) তা উল্লেখ করতে হবে।

এমতাবস্থায়, আপনার অঞ্চলের আওতাধীন বাংলাদেশ রেলওয়ের ভূমি, রেলওয়ের নির্ধারিত প্রতিনিধিসহ সরেজমিনে পরিদর্শন করে যাচিত তথ্যাদিসহ স্টেশন ভিত্তিক যৌথস্বাক্ষরে একটি প্রতিবেদন প্রস্তুতপূর্বক আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তঃ বর্ণনামোতাবেক।


(আশুতোষ লাহা)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. যুগ্মসচিব (আইন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২. উপসচিব (উপকরণ-১ অধিশাখা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপক (পরিবহণ), সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, ঢাকা।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৬. দপ্তর লিপি।